

রাজনীতির নামে শিক্ষা প্রতিষ্ঠানে 'বিপজ্জনক খেলা' বন্ধ করাসহ ছয় দফা দাবি জানিয়েছেন জাতীয় সমাজতান্ত্রিক দলের (জেএসডি) সভাপতি আ স ম আবদুর রব। গতকাল বুধবার ইডেন কলেজ ছাত্রলীগের নেতৃত্বাচক কর্মকা- তুলে ধরে তিনি এসব দাবি জানান। ইডেন কলেজ ইস্যুতে

advertisement 3

জাতীয় সমাজতান্ত্রিক দলের (জেএসডি) উত্থাপিত দাবিগুলো হচ্ছে- বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন এবং শ্বেতপত্র প্রকাশ, ইডেনের ঘটনায় জড়িতদের চিহ্নিত করে আইনের আওতায় আনা, ইডেন কলেজের অধ্যক্ষকে অপসারণ করে বিচারের আওতায় আনা, অধ্যক্ষের 'পক্ষপাততুষ্ট' তদন্ত বাতিল, শিক্ষার্থীদের অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করা, শিক্ষার স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানে রাজনীতির নামে 'বিপজ্জনক খেলা' অচিরেই বন্ধ করা।

advertisement 4

জেএসডি সভাপতি আ স ম আবদুর রব বলেন, ছাত্রলীগ নেতাদের বিরুদ্ধে ইডেনের নারী শিক্ষার্থীদের ঘোন নিপীড়ন ও ঘোন দাসত্বে বাধ্য করার অভিযোগের পরিপ্রেক্ষিতে কোনো শাস্তিমূলক ব্যবস্থা না নিয়ে নারীদের প্রতি ভয়াবহ নিষ্ঠুরতাকে নীরবতায় সরকার সমর্থন দিয়ে যাচ্ছে। ছাত্রলীগ নেতাদের সিটবাণিজ্য, চাঁদাবাজি এবং শিক্ষার্থীদের 'অনৈতিক কাজে বাধ্য করার' সাক্ষ্য দিয়েছে সাধারণ ছাত্রীসহ ছাত্রলীগের নেতৃত্বাই। তারাই এ ভয়াবহ অন্যায়ের সত্যতা নিশ্চিত করেছে।

তিনি বলেন, এই গুরুতর অভিযোগ উত্থাপিত হওয়ার সঙ্গে সঙ্গেই শিক্ষামন্ত্রীর পদত্যাগ এবং কলেজ অধ্যক্ষকে অপসারণ করা উচিত ছিল। অপরাধ সংগঠনে দায়ীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া রাষ্ট্রের কর্তব্য। ভয়কর অন্যায় করার পরও ছাত্রলীগ ও কলেজ প্রশাসন তাদের কর্মকা-কে যুক্তিযুক্ত করে তোলার অপচেষ্টা করছে। এ ধরনের নেতৃত্ব অধিপতন কোনো পরিসংখ্যান দ্বারা পরিমাপ করা সম্ভব নয়।

আবদুর রব বলেন, নিজেদের পদপদবি সুরক্ষিত করতে মেয়েদের অনৈতিক কাজে বাধ্য করার ভয়াবহ রাজনীতির ভয়কর কৌশল ছাত্রলীগ এবং সরকারের মেলবন্ধনেই সম্ভব। ইডেনের ঘটনা ছাত্রলীগের অভ্যন্তরীণ বিষয় নয়- এটি সরকারের অপশাসন ও দুঃশাসনের রাজনৈতিক সংস্কৃতি।

2
Shares